অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/3/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল কোভিডের ফলে ক্ষতিগ্রস্থ সম্প্রদায়ের বয়স্ক নিউ ইয়র্কবাসীদের জন্য মানসিক স্বাস্থ্য, আসক্তি এবং বার্ধক্য সংক্রান্ত পরিষেবা সম্প্রসারণের জন্য 9 মিলিয়ন ডলার পুরস্কারের কথা ঘোষণা করেছেন

ছয়টি মানসিক স্বাস্থ্য প্রদানকারীকে 5 বছর ধরে তহবিল পাওয়ার জন্য নির্বাচিত করা হয়েছে

গভর্নর ক্যাথি হোচুল আজ মানসিক স্বাস্থ্যের কারণে, মাদক ব্যবহারের কারণে, বা বয়োবৃদ্ধি সম্পর্কিত উদ্বেগের কারণে সম্প্রদায়ে স্বাধীনতা বা বেঁচে থাকা ঝুঁকিতে রয়েছে এমন 55 বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের সনাক্ত ও সহায়তা করার জন্য সম্প্রদায়ের কর্মসূচীগুলিকে সহায়তা করার উদ্দেশ্যে পাঁচ বছর ধরে 9 মিলিয়ন ডলার পর্যন্ত পাওয়ার জন্য ছয়টি মানসিক স্বাস্থ্য প্রদানকারীকে বেছে নেওয়ার ঘোষণা করেছেন।

"যেহেতু কোভিড-19 মহামারী নিউ ইয়র্ক জুড়ে সম্প্রদায়গুলিকে প্রভাবিত করে চলেছে, আমাদের মধ্যে সব চেয়ে দুর্বলদের রক্ষা করার জন্য আমাদের অবশ্যই আমাদের পক্ষে যা কিছু করা সম্ভব তা করতে হবে," **গভর্নর হোচুল বলেন।** "এই আর্থিক সহায়তা যে সম্প্রদায়গুলি মহামারী ফলে বিশেষ করে ক্ষতিগ্রথ হয়ছে সেখানে বসবাসকারী বয়স্ক নিউ ইয়র্কবাসীদের সাহায্য করবে, এবং তহবিলটি নিশ্চিত করবে যে তাদের স্বাধীনভাবে এবং মর্যাদার সাথে বাঁচার জন্য সহায়তা এবং সমর্থন উপলব্ধ থাকে।"

"কোভিড-19 দ্বারা গুরুতরভাবে প্রভাবিত সম্প্রদায়গুলিতে স্বস্থানে বয়োবৃদ্ধি সমর্থন করার জন্য অংশীদারিত্ব" ঐতিহাসিকভাবে অনুন্নত, বৈচিত্র্যময় সম্প্রদায়ের উপর নজর কেন্দ্রীভূত করবে যারা কোভিড-19 দ্বারা কঠিনভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন, এবং ব্যক্তিদের তাদের পছন্দের সম্প্রদায়গুলিতে বয়োবৃদ্ধি করতে সাহায্য করবে। প্রোগ্রামটি অফিস অফ মানসিক হেলথের (Office of MentalHealth, OMH) লাইসেন্সপ্রাপ্ত প্রদানকারী এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অফ অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (NYS Office of Addiction Services and Supports, OASAS) এবং নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য এজিং (NYS Office for Aging, NYSOFA) দ্বারা লাইসেন্সপ্রাপ্ত সংস্থাগুলির মধ্যে অংশীদারিত্ব তৈরি করবে।

মানসিক স্বাস্থ্য দপ্তরের কমিশনার ডাঃ অ্যান সুলিভান বলেন, "এই পুরষ্কারগুলি নিউ ইয়র্কের বয়স্ক বাসিন্দাদের সাহায্য করবে যারা ইতিমধ্যেই বড় চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছেন,

স্বাধীনভাবে এবং আরও বেশি মর্যাদার সাথে তাদের নিজস্ব সম্প্রদায়ে বসবাস করতে। এই অংশীদারিত্বগুলি OMH এবং আমাদের অধীনস্ত এজেন্সি - OASAS এবং NYSOFA--এর মাধ্যমে উপলব্ধ সমস্ত সংস্থানগুলিকে একত্রিত করে নিশ্চিত করতে সাহায্য করার জন্য যে সমস্ত বয়স্ক নিউ ইয়র্কবাসীরা যারা মানসিক অসুস্থতা বা মাদক ব্যবহারের সমস্যা নিয়ে বসবাস করছেন, তারা যেন তাদের নিজেদের বাড়িতে নিরাপদে থাকার সুযোগ পান।"

NYS অফিস অফ অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস কমিশনার চিনাজো কানিংহাম বলেন, "এই তহবিলের সুযোগ বয়স্ক প্রাপ্তবয়স্কদের জন্য মানসম্পন্ন স্বাস্থ্যসেবার অ্যাক্সেস প্রদান করবে যারা মাদক ব্যবহার, আসক্তি এবং মানসিক বাসঠীও সমস্যার দ্বারা প্রভাবিত। সম্প্রদায় এবং রাজ্যের পৃষ্ঠপোষকতায় করা অংশীদারিত্বের মাধ্যমে এক সাথে কাজ করা নিশ্চিত করবে যে আমরা এই দুর্বল জনসংখ্যার চাহিদাগুলিকে মোকাবেলা করার জন্য কার্যকর, ব্যাপক এবং স্বতন্ত্র পরিষেবা প্রদান করছি।"

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য এজিং ডিরেক্টর গ্রেগ ওলসেন বলেন, "এই উদ্ভাবনী অংশীদারিত্ব আসক্তি বা মানসিক স্বাস্থ্যের প্রয়োজনীয়তাগুলিকে মোকাবেলা করার সময় সম্প্রদায়ের বয়স্ক প্রাপ্তবয়স্কদের সাহায্য করার জন্য সহায়ক পরিষেবা প্রদান করে ফলাফল প্রদান করছে যা একজন ব্যক্তির স্বস্থানে বয়োবৃদ্ধির ক্ষমতাকে ঝুঁকিতে ফেলতে পারে। এই প্রোগ্রামগুলি একজন ব্যক্তির সম্পূর্ণ চাহিদার উপর নজর কেন্দ্রীভূত করে, বয়স্ক প্রাপ্তবয়স্কদের সামগ্রিকভাবে পরিষেবা প্রদান করার মাধ্যমে সফল হয়। বয়স্কদের জন্য স্থানীয় অফিসগুলির সাথে আচরণগত এবং শারীরিক স্বাস্থ্য পরিষেবার অংশীদারদের এক সাথে কাজ করার সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে তাদের সাফল্য সম্ভব হয়েছে। আমি মানসিক স্বাস্থ্যের কার্যালয়, আসক্তি পরিষেবা এবং সহায়তার কার্যালয়, এবং সমস্ত অংশীদারদের এই দৃষ্টিভঙ্গির প্রতি তাদের অঙ্গীকারবদ্ধতার জন্য প্রশংসা করি এবং এই সফল অংশীদারিত্বের মাধ্যমে নিউ ইয়র্ককে প্রথম বয়স-বান্ধব রাজ্য হিসাবে সমর্থন অব্যাহত রাখার জন্য গভর্নর হোচুলকে তার অবিচল নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ ভেটেরান্স সার্ভিসের (New York State Division of Veterans' Services) এক্সিকিউটিভ ডেপুটি ডিরেক্টর জোয়েল ইভান্স বলেন, "কোভিড-19 দ্বারা উপস্থাপিত চ্যালেঞ্জ এবং কষ্ট সত্ত্বেও, নিউ ইয়র্ক অনন্য চাহিদাসম্পন্ন ব্যক্তিদের সেবা করার জন্য এবং তাদের সম্প্রদায়ের মধ্যে স্বাধীন ও সংহত থাকার সুযোগ প্রদানের জন্য নিবেদিত রয়েছে। এই তহবিলগুলি এই ব্যক্তিদের সম্মান এবং মর্যাদার সাথে স্বস্থানে বয়োবৃদ্ধির জন্য একটি জীবন-পরিবর্তনকারী সুযোগ প্রদান করে। আমি গভর্নর হোচুলকে এই প্রচেষ্টায় তার অটল সমর্থনের জন্য সাধুবাদ জানাই যা 50 শতাংশেরও বেশি প্রবীণ সৈনিকদের স্বাস্থ্য এবং সুস্থতাকে উন্নত করবে, যাদের বয়স 65 বছর বা তার বেশি এবং যারা নিউ ইয়র্ককে নিজের গৃহ বলেন।"

OMH এপ্রিল 2021-এ প্রস্তাবের জন্য একটি অনুরোধ জারি করে যা যোগ্য আবেদনকারীদের কোভিড-19 মহামারীর দ্বারা ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের মানসিক স্বাস্থ্য, মাদক ব্যবহার বা বয়স-

সম্পর্কিত কারণে স্বাধীনভাবে জীবনযাপনের চ্যালেঞ্জের সম্মুখীন বয়স্ক নিউ ইয়র্কবাসীদের সমর্থন করার পরিকল্পনা তৈরি করতে এবং তা জমা দেওয়ার জন্য আমন্ত্রণ জানায়।

প্রোগ্রামগুলি বয়স্ক প্রাপ্তবয়স্কদের OMH সহায়ক আবাসন বা বয়স্ক প্রাপ্তবয়স্কদের জন্য অন্যান্য স্থানীয় আবাসনগুলিতে স্বস্থানে বয়োবৃদ্ধি করতে সাহায্য করবে। তহবিল বিদ্যমান প্রোগ্রামগুলিকে প্রসারিত বা উন্নত করতে বা একটি নতুন প্রোগ্রাম তৈরি করতে ব্যবহার করা যেতে পারে যা সমস্ত প্রোগ্রামের প্রয়োজনীয়তা পূরণ করে।

পুরস্কৃত প্রোগ্রামগুলির মধ্যে রয়েছে:

<u>নিউ ইয়র্ক সিটি</u>

বয়স্ক ব্যক্তিদের জন্য পরিষেবা প্রোগ্রাম

মেট্রোপলিটন সেন্টার ফর মেন্টাল হেলথ (Metropolitan Center for Mental Health) এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট ফর দ্য এজিং-এর সাথে অংশীদারিত্ব করে, বয়স্ক ব্যক্তিদের জন্য পরিষেবা কর্মসূচীর (Service Program for Older People, SPOP) লক্ষ্য হল স্বস্থানে বয়োবৃদ্ধিকে সমর্থন করা এবং প্রাপ্তবয়স্কদের অকালে কোন প্রতিষ্ঠানে স্থাপন করা হ্রাস করা সামগ্রিক স্বাস্থ্যের জন্য একীভূত পরিষেবা প্রদান করা - যার মধ্যে আছে মনস্তাত্ত্বিক সুস্থতা, চিকিৎসাগত পরিচর্যা, এবং মাদক ব্যবহারের ব্যাধিগুলির চিকিৎসা - তার সাথে কেস ম্যানেজমেন্ট পরিষেবা, গৃহ স্বাস্থ্য পরিচর্যা, সামাজিকীকরণের সুযোগ, খাবার, বাড়ির ছোটখাট পরিবর্তন, এবং সম্প্রদায়-ভিত্তিক প্রোগ্রামগুলির সাথে সংযোগের মাধ্যমে অবশ্য-প্রয়োজনীয় চাহিদাগুলি সম্বোধন করা। প্রোগ্রামটি প্রতি বছর 240 জন প্রাপ্তবয়স্কদের সেবা করবে, অনুদানের সময়কালে মোট 2,700 জন, এবং অতিরিক্ত শিক্ষা এবং প্রতি বছর তার দুটি অংশীদারিত্বের মাধ্যমে 300 জন ব্যক্তিকে আউটরিচ প্রদান করবে বলে আশা করা হয়, যার একটি বিস্তৃত আউটপেশেন্ট মাদক ব্যবহারের চিকিৎসার অভিজ্ঞতা নিয়ে আসে এবং অন্যটি স্বস্থানে বয়োবৃদ্ধির সহায়তার জন্য বলিষ্ঠ পরিষেবা প্রদান করে।

সুয়ামুয়েল ফিল্ড YM&YWHA (Samuel Field YM&YWHA)

স্যামুয়েল ফিল্ড YM&YWHA রেগো পার্ক কাউন্সেলিং (Rego Park Counseling) এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট ফর দ্য এজিং-এর সাথে অংশীদারিত্ব করছে যাতে বয়স্ক প্রাপ্তবয়স্কদের তাদের বাড়ির কমিউনিটিতে স্ক্রীনিং এর মাধ্যমে সনাক্ত করা যায় এবং পরিষেবাসমূহের সাথে তাদের সাথে সংযুক্ত করা যায়। মোবাইল আউটরিচ এবং অফ-সাইট পরিষেবাগুলি হল প্রোগ্রামের দ্বৈত ফোকাল পয়েন্ট এবং এতে অন্তর্ভুক্ত আচরণগত স্বাস্থ্য, শারীরিক স্বাস্থ্য, এবং বার্ধক্য সংক্রান্ত পরিষেবার চাহিদাগুলির সাথে অন্যান্য ক্ষেত্রে পূরণ না হওয়া চাহিদাগুলির মূল্যায়ন। প্রতিটি ক্লায়েন্টের জন্য একটি পৃথক পরিচর্যার পরিকল্পনা তৈরি করতে হবে, এবং সমস্ত সনাক্তকৃত পরিষেবাগুলি কার্যকর না হওয়া পর্যন্ত অন্তর্বর্তীকালীন পরিচর্যা এবং কেয়ার কোঅর্ডিনেশন প্রদান করতে হবে। স্যামুয়েল ফিল্ড এবং রেগো পার্ক কাউন্সেলিং পরিষেবার মাধ্যমে ব্যক্তিগত বা পারিবারিক সাইকোথেরাপি এবং মানসিক পরিচর্যা সহ কাউন্সেলিং প্রদান করা হয়।

জ্যামাইকা হাসপাতাল (Jamaica Hospital)

জ্যামাইকা হসপিটাল মেডিক্যাল সেন্টার (Jamaica Hospital Medical Center) ফ্লাশিং হসপিটাল মেডিক্যাল সেন্টার (Flushing Hospital Medical Center) এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট ফর দ্য এজিং এর সাথে *জ্যামাইকা পার্টনারশিপ টু সাপোর্ট এজিং ইন প্লেস* এর জন্য। প্রকল্পের লক্ষ্য হল ঝুঁকিপূর্ণ ব্যক্তিদের মধ্যে চিকিৎসা না করা মানসিক স্বাস্থ্য এবং মাদক ব্যবহারের ব্যাধি হ্রাস করা; জরুরী বিভাগে ঘটনা-ভিত্তিক পরিচর্যা হ্রাস করা; খারাপ মানসিক স্বাস্থ্যে অবদান রাখে এমন খারাপ আচরণ হ্রাস করা; বর্ধিত সম্পৃক্ততা; এবং সাংস্কৃতিক ও ভাষার বাধা থেকে উদ্ভূত পূরণ না হওয়া চাহিদা হ্রাস করা। অংশীদারিত্ব অনুদানের সময়কালে 360 জন ব্যক্তিকে পরিষেবা প্রদান করার আশা রাখে, ফ্লাশিং মাদক ব্যবহারের রোগের চিকিৎসা এবং টেলিমেডিসিন আসক্তি সংক্রান্ত সহায়তা পরিষেবা প্রদান করে এবং অ-চিকিৎসাগত বার্ধক্য সংক্রান্ত সহায়তার প্রশিক্ষণ চিকিৎসা কর্মীদের প্রদান করে এবং বার্ধক্য পরিষেবা প্রদানকারীদের সাথে চিকিৎসা কেন্দ্রের কর্মীদের সংযুক্ত করে৷

ওহেল চিলড্রেনস হোম অ্যান্ড ফ্যামিলি সার্ভিসেস (Ohel Childrens Home and Family Services)

LSA রিকভারি, ইনকর্পোরেটেড (LSA Recovery, Inc.) এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট ফর দ্য এজিং এর সাথে অংশীদারিত্ব, ওহেলের *প্রজেক্ট হুইল* এর লক্ষ্য মানসিক স্বাস্থ্য সেবা প্রদান করা এবং বয়স্ক প্রাপ্তবয়স্কদের একটি সম্পূর্ণ পরিষেবার সম্ভারের সাথে সংযুক্ত করা যাতে তারা সফলভাবে স্বস্থান বয়োবৃদ্ধি করতে পারেন। তারা একটি "হাব এবং স্পোক" মডেল বাস্তবায়নের পরিকল্পনা করেছে যেখানে তাদের বহুমুখী দল রকওয়ে জুড়ে আউটরিচ, এনগেজমেন্ট এবং ফিল্ড-ভিত্তিক স্ক্রীনিং পরিচালনা করবে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট ফর দ্য এজিং ((New York City Department for the Aging, NYCDFTA) মনোনীত ন্যাচারালি অকারিঙ রিটায়ারমেন্ট কমিউনিটি (Naturally Occurring Retirement Community, NORCS), বয়স্ক প্রাপ্তবয়স্কদের কেন্দ্র এবং NYCHA) আবাসনের ("স্পোকস") মধ্যে সাইটে উপস্থিতি বজায় রাখবে, যা অতিরিক্ত মূল্যায়ন/চিকিৎসার জন্য এবং সেই সাথে NYCDFTA পরিষেবা এবং সহায়ক প্রযুক্তির সাথে সংযোগের জন্য OHEL মানসিক স্বাস্থ্য ক্লিনিক এবং LSA মাদক ব্যবহার রোগের ক্লিনিকের ("হাব") সাথে যোগসূত্রের দিকে পরিচালিত করে।

<u>হাডসন ভ্যালি</u>

অরেঞ্জ কাউন্টির মানসিক স্বাস্থ্য বিভাগ

স্বস্থানে বয়োবৃদ্ধি সমর্থন করার জন্য অরেঞ্জ কাউন্টির অংশীদারিত্ব প্রকল্পকে বলা হয় বর্ধিত এনহান্সড ওয়েলকাম অরেঞ্জ জেরিয়াট্রিক ইনিশিয়েটিভ (*Enhanced WELCOME Orange Geriatric Initiative,* WOGI) এবং এতে অরেঞ্জ কাউন্টি ডিপার্টমেন্ট অফ মেন্টাল হেলথ (Orange County Department of Mental Health), অরেঞ্জ এবং সুলিভান কাউন্টির ক্যাথলিক দাতব্যগুলি এবং অরেঞ্জ কাউন্টি অফিস ফর দ্য এজিং (Orange County Office for the Aging)

অন্তর্ভুক্ত। "গেটকিপার" মডেল ব্যবহার করে, উন্নত প্রজেক্টের লক্ষ্য হল সম্প্রদায়ে স্থিতিশীলতা বৃদ্ধি এবং পরিহারযোগ্য জরুরী বিভাগ, হাসপাতাল এবং নার্সিং হোমে ভর্তি হ্রাস করার মাধ্যমে যারা ঐতিহ্যগতভাবে সুবিধাবঞ্চিত তাদের সেবা করা; বয়স্ক প্রাপ্তবয়স্কদের তাদের সুস্থতা এবং কর্মক্ষমতা উন্নত করতে সহায়তা করা যাতে স্বস্থানে বয়োবৃদ্ধি করতে পারেন; এবং তাদের অনন্য মূল্যায়ন করা প্রয়োজনের ভিত্তিতে ব্যক্তিদের পরিষেবা এবং সহায়তার সাথে মেলে এমন একটি পরিকাঠামো তৈরি করে উদ্দেশীত জনসংখ্যাকে আরও ভালোভাবে পরিবেশন করার জন্য প্রযুক্তির ব্যবহার উন্নত করা।

লং আইল্যান্ড

সেন্ট্রাল নাসাউ গাইডেন্স অ্যান্ড কাউন্সেলিং সার্ভিসেস (Central Nassau Guidance & Counseling Services)

সেন্ট্রাল নাসাউ গাইডেন্স অ্যান্ড কাউন্সেলিং সার্ভিসেস ফ্যামিলি অ্যান্ড চিলড্রেনস অ্যাসোসিয়েশন (Family & Children's Association) এবং নাসাউ কাউন্টি অফিস ফর দ্য এজিংয়ের (Nassau County Office for the Aging) সাথে অংশীদারিত্ব করছে যাকে তারা তাদের *লিঙ্ক-এজ* প্রকল্প বলেন। তাদের লক্ষ্য হল তাদের এজেন্সিগুলির মধ্যে মোবাইল আউটরিচ এবং পরিষেবা সরবরাহকে একীভূত করা; বয়স্ক প্রাপ্তবয়স্কদের সনাক্ত করা এবং জড়িত করা; প্রতিটি বয়স্ক প্রাপ্তবয়স্কদের নির্দিষ্ট চাহিদা চিহ্নিত করা; বয়স্ক প্রাপ্তবয়স্কদের এবং তাদের পরিবার/তত্ত্বাবধায়কদের পরিচর্যা এবং পরিষেবাগুলি অ্যাক্সেস করার সাধারণ বাঁধাগুলি অতিক্রম করতে প্রযুক্তি ব্যবহার করা; এবং পূরণ না হওয়া চাহিদা পূরণের জন্য পুনরায় অর্থায়ন করা যায় এমন তহবিল এবং সতীর্থদের সমর্থন ব্যবহার করা। মোবাইল মানসিক স্বাস্থ্য এবং সাথে-ঘটা ব্যাধিগুলির চিকিৎসা এবং বিচ্ছিন্ন প্রবীণদের কাছে ভ্রাম্যমান উদ্দেশীত আউটরিচ মূলত তাদের পরিকল্পনার মধ্যে রয়েছে।

OMH দ্বারা প্রদত্ত সমস্ত জেরিয়াট্রিক প্রোগ্রামের তথ্য উপলব্ধ এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418